

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১০৪

১১/ বিবাহ (ﷺ کتاب النکاح عن رسول الله) পরিচ্ছেদঃ সাক্ষী ছাডা বিবাহ হয় না।

باب مَا جَاءَ لاَ نِكَاحَ إِلاَّ بِبَيِّنَةٍ

আরবী

 \tilde{c} وَثَنَا قُتُيْبَةُ، \tilde{c} وَلَا غُنْدَرٌ، مُحَمَّدُ بْنُ جَعْفَرِ عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ، نَحْوَهُ وَلَمْ يَرْفُعْهُ . وَهَدَا أَصَحُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَيْرُ مَحْفُوظٍ لاَ نَعْلَمُ أَحَدًا رَفَعَهُ إِلاَّ مَا رُوِيَ عَنْ عَبْدِ الأَعْلَى عَنْ سَعِيدِ عَنْ قَتَادَةَ مَرْفُوعًا . وَرُوِيَ عَنْ عَبْدِ الأَعْلَى عَنْ سَعِيدِ هَذَا الْحَديِثُ مَوْقُوفًا وَالصَّحِيحُ مَا رُوِيَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَوْلُهُ لاَ نِكَاحَ إِلاَّ بِبَيِّنَةٍ هَكَذَا رَوَى أَصِحَابُ مَوْقُوفًا وَالصَّحِيحُ مَا رُوِيَ عَنِ ابْنِ عَبَّاسٍ قَوْلُهُ لاَ نِكَاحَ إِلاَّ بِبَيِّنَةٍ . وَهَكَذَا رَوَى غَيْرُ وَقَادَةَ عَنْ جَابِرِ بْنِ زَيْدِ عَنِ ابْنِ عَبَّاسٍ لاَ نِكَاحَ إِلاَّ بِبَيِّنَةٍ . وَهَكَذَا رَوَى غَيْرُ وَاحِدِ عَنْ شَعِيدِ بْنِ أَبِي عُرُوبَةَ نَحْوَ هَذَا مَوْقُوفًا . وَفِي هَذَا الْبَابِ عَنْ عِمْرَانَ بْنِ حَصَيْنِ وَأَنسٍ وَأَبِي هُرُيْرَةَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى حَصَيْنٍ وَأَنسٍ وَأَبِي هُرُيْرَةَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم ومَنْ بَعْدَهُمْ إِلاَّ قَوْمًا مِنَ الْمُتَاعِينَ وَغَيْرِهِمْ قَالُوا لاَ نِكَاحَ إِلاَّ بِشُهُودِ . لَمْ يَخْتَلِفُوا فِي ذَلِكَ مَنْ مَضَى مِنْهُمْ إِلاَّ قَوْمًا مِنَ الْمُتَاعِينَ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَهْلِ الْعِلْمِ . وَإِنَّمَا اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي هَذَا إِذَا شَهِدَ وَاحِدِ فَقِلْ أَعْلَوا نَعْضَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَهْلِ الْعَلْمِ الْعَلَمُ مِنْ أَهْلِ الْعَلْمِ وَقَوْلُ مَالِكَ بْنِ أَنَسٍ وَغَيْرِهِمْ لاَ يَجُونُ الْعَلْمُ الْعِلْمِ مَا لَكُوفَةٍ وَعَيْرِهِمْ لاَ يَجُونُ اللْكَاحُ مَنَ مَالِكَ بْنِ أَنْسٍ وَغَيْرِهِمْ أَلْ الْعِلْمِ مَا لَا الْعِلْمِ مَا لَكُ إِنْ الْمَلِ الْعَلْمُ وَاحِدِ فَإِنَّهُ أَوْلُ الْعَلْمُ الْعَلْمُ الْعَلْمُ الْعُلْمُ الْعَلْمِ الْعَلْمِ الْعَلْمُ مِنْ أَهْلِ الْمُحَلِي وَالْسُ أَلْهُ الْمُولِ الْعَلْمُ الْمُ الْمُعَلِّمُ الْعُلْ الْعِلْمِ الْمُ الْمُ الْمُحَلِّ الْمَلْ الْعِلْمِ مَنْ أَهْلِ الْمُعَلِقُ الْمَا الْعِلْمُ الْمُ الْمُعَلِ الْمُعَلِ الْمُ الْمُعْلُ الْمُعْمُ أَهْلِ الْمُعْلِ

বাংলা

১১০৪. কুতায়বা (রহঃ) সাঈদ (রহঃ) থেকে অনূরূপ বর্ণনা করেছেন। তবে তিনি এটিকে মারফুরূপে বর্ণনা করেনি। আর তা-ই অধিকতর সাহীহ। - তিরমিজী হাদিস নম্বরঃ ১১০৪ [আল মাদানী প্রকাশনী]



ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি মাহফুজ বা সংরক্ষিত নয়। আবদুল আলা-সাঈদ-কাতাদা (রহঃ) সূত্র ছাড়া এটি মারফুরূপে কেউ রিওয়ায়ত করেছেন বলে আমাদের জানা নেই। আবদুল আলা-সাঈদ (রহঃ) সূত্রে এটি মাওকৃফরূপেও বর্ণিত হয়েছে। আর সহীহ হলো ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও মাওকৃপরূপে অনুরূপ বর্ণনা করেছেন। এই বিষয়ে ইমরান ইবনু হুসায়ন, আনাস, আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। সাহাবী এবং তাঁদের পরবর্তী যুগের তাবিঈ ও অন্যান্য আলিমগণের আমল এই হাদীস অনুসারে রয়েছে। তাঁরা বলেন, সাক্ষী ছাড়া বিবাহ হয় না।

আমাদের জানা মতে পূর্ববর্তী আলিমগণের মাঝে এই বিষয়ে কোন মতবিরোধ নেই। তবে পরবর্তী যুগের কিছু সংখ্যক আলিম মতবিরোধ করেছেন। এই আলিমগণের মতবিরোধ হলো এক জনের পর আরেক জন সাক্ষী হওয়ার ব্যপারে। অধিকাংশ কূফাবাসী ও অপরাপর আলিম বলেন বিবাহের আকদের সময় একসঙ্গে দুই জন সাক্ষী না হলে বিবাহ জায়েজ হবে না। মদীনাবাসী কতক আলিমের মতে এক সঙ্গে না হয়, একজনের পর একজন সাক্ষী হলেও তা জায়েজ হবে। যদি তারা এর ঘোষণা করে। এ হলো ইমাম মালিক ইবনু আনাস (রহঃ)-এর অভিমত। মদীনাবাসীদের বর্ণনানুসারে ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ)-এর বক্তব্যও অনুরূপ। কতক আলিম বলেন, একজন পুরুষ ও দুইজন মহিলার সাক্ষেও বিবাহ জায়েজ আছে। এ হলো ইমাম আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

(Another chain) from Sa'eed bin Abi Arubah, with similar (narration), : And he did not narrate it in Marfu form, and this is more correct.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু আবু আরূরা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন